

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আইন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৪.০৪.০০১.১৯.৪৮

তারিখ: ৮ আশ্বিন ১৪২৭

২৩ সেপ্টেম্বর ২০২০

বিষয়: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের বেসরকারি আইনজীবী /প্যানেল এ্যাডভোকেট নিয়োগের ক্ষেত্রে অর্থ মন্ত্রণালয়ের অনাপত্তি পত্র গ্রহণ।

সূত্র: মাউশির পত্র নং ৩৭.০২.০০০০.১০১.২৭.০০৫.১৯/১৫২৫৮/২

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের পক্ষে-বিপক্ষে বিভিন্ন আদালতে আনুমানিক ০৩ (তিন) হাজার মামলা বিচারাধীন রয়েছে। এছাড়া প্রতিনিয়ত মামলা রুজু করা হচ্ছে। মহামান্য হাইকোর্ট বিভাগসহ বিভিন্ন আদালত হতে সংগ্রহ করার জন্য এবং প্রয়োজ্য ক্ষেত্রে সরকার পক্ষে আদালতে মামলা পরিচালনার জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের তত্ত্বাবধানে কোন নিয়োগপ্রাপ্ত আইনজীবী/প্যানেল এ্যাডভোকেট নেই। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের পক্ষে এ্যাটর্নী জেনারেল অফিস/সলিসিটর উইং হতে নিয়োগপ্রাপ্ত বিজ্ঞ আইনজীবীগণ মামলা পরিচালনা করে থাকে বিধায় অনেক সময় মামলা সংক্রান্ত গুরুত্বপূর্ণ বিষয় যথাসময়ে দৃষ্টিগোচর হয় না। বেসরকারি আইনজীবী/প্যানেল এ্যাডভোকেট নিয়োগে মন্ত্রিপরিষদ বিভাগের ১৯/০৯/২০০৪ তারিখের স্মারক নং মপ/মসশামসবৈ-২৭(৮)/২০০৪/৬০২(২) মোতাবেক অর্থ মন্ত্রণালয়ের অনাপত্তি গ্রহণের জন্য নির্দেশনা রয়েছে।

২। এমতাবস্থায়, ২০২০-২০২১ অর্থ বছরের বাজেটে ০৫ (পাঁচ) জন বেসরকারি আইনজীবী/প্যানেল এ্যাডভোকেটদের ব্যয়-ভার বহন করা হবে। বেসরকারি আইনজীবী/প্যানেল এ্যাডভোকেট নিয়োগের সম্মতি প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৩-৯-২০২০

মোঃ সেলিম সিকদার

সহকারী সচিব

সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

।

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৪.০৪.০০১.১৯.৪৮/১(২)

তারিখ: ৮ আশ্বিন ১৪২৭

২৩ সেপ্টেম্বর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত সচিব, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

২৩-৯-২০২০
মোঃ সেলিম সিকদার
সহকারী সচিব